

জেলা ইনোভেশন কমিটির অক্টোবর, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ আশরাফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর।
তারিখ	:	২৮ অক্টোবর, ২০১৯ খ্রি।
সময়	:	বেলা ১২:০০ টায়।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট “ক” দৃষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	দপ্তরের সেবা সহজীকরণ	সভায় সভাপতি দপ্তরের সেবা সহজীকরণের বিষয়ে জানতে চাইলে উপস্থিত সকল সদস্য জানান তারা সেবা সহজীকরণের বিষয়ে কাজ করছেন। সভাপতি সেবা সহজীকরণের জন্য সকলকে নানামুখী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।	দপ্তরের সেবা সহজীকরণ করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
২	দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন	সভাপতি উপস্থিত সকলকে দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন ঘটিয়ে জনসাধারণকে আরোও কম সময়ে সেবা প্রদান করতে নির্দেশ প্রদান করেন।	দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৩	উদ্ভাবনী সহায়ক পরিবেশ তৈরী	সভাপতি উদ্ভাবনী সহায়ক পরিবেশ তৈরীর ওপর গুরুত্বারোপ করে নিজ নিজ দপ্তরে নিয়োজিত জনবলের সচেতনতা ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনারসহ অন্য দপ্তরের উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	উদ্ভাবনী সহায়ক পরিবেশ তৈরী করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৪	পার্টনারশিপ ও নেটওয়ার্কিং	সভায় সভাপতি নতুন উদ্ভাবনের বিষয়, পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এর উপর গুরুত্বারোপ করে বলেন স্থায় অধিক্ষেত্রে উদ্ভাবনী চর্চার ক্ষেত্রে অন্য দপ্তরের সাথে অংশীদারীত্বের মাধ্যমে উদ্ভাবনী বিনিময় করতে হবে। সভাপতি আরোও জানান উপজেলা ইনোভেশন টিমের সাথে জেলা ইনোভেশন টিমের যোগাযোগ দৃঢ় করতে হবে। পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এর মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগকে কাজে লাগানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ করেন।	উদ্ভাবনীর জন্য পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এর মাধ্যমে উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।

৫	সোশ্যাল মিডিয়ার ব্যবহার	সভায় সভাপতি সোশ্যাল মিডিয়ার বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি), নাটোর জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলা পর্যায়ে সামাজিক যোগাযোগ-মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য গঠিত জেলা কমিটি নিয়মিত সভা করাসহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সভাপতি স্ব স্ব দপ্তরের কার্যক্রম প্রচার ও কর্মকর্তাদের মধ্যে সামাজিক যোগাযোগ বৃদ্ধির জন্য সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে সকলকে অনুরোধ করেন।	উদ্ভাবনী ধারণায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৬	নিজ দপ্তরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা	সভাপতি সকল দপ্তর প্রধানদের তাদের ২০১৯-২০২০ অর্থ বছরের প্রণয়নকৃত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অনুরোধ	সকল দপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরের প্রণয়নকৃত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৭	পাইলট প্রকল্প পরিদর্শন	সভাপতি জানান এ জেলায় যত উদ্ভাবনী প্রকল্প হাতে নেওয়া হয়েছে সেগুলো ইনোভেশন কমিটি পরিদর্শন করবে এবং প্রকল্পগুলো কতটা ফলপ্রসূ হবে তা ইনোভেশন কমিটি মনিটর করবে। সভাপতি সকল দপ্তর প্রধানদের পাইলট প্রকল্পে পরিদর্শন বাড়ানোর জন্য অনুরোধ করেন।	জেলার উদ্ভাবনী প্রকল্প পরিদর্শন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (মোঃ আশরাফুল ইসলাম)  
 অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
 নাটোর।  
 ফোন:+৮৮-০৭৭১-৬৬৭৭৮(অফিস)  
 ই-মেইল adcgnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর  
(আইসিটি শাখা)  
www.natore.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৯০০.০২৩.০৬.০০২.১৬. ৪৯০

তারিখ: ১৮ কার্তিক, ১৪২৬  
০৩ নভেম্বর, ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. মহাপরিচালক, গভর্নমেন্ট ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।  
(মাননীয় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
০৬. সহকারী কমিশনার গোপনীয়, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

জনাব,

....., নাটোর

০৩/১১/২০১৯

(নাজমুল আলম)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

ফোন-০৭৭১-৬৬৩৮৩

E-mail: acietnatore@mopa.gov.bd